# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## নির্বাচনি পরীক্ষা ২০২০ এর সিলেবাস অনুসারে
## পাঠ পরিকল্পনা - ১০

**আলোচ্য বিষয়:**

অংশীদারি ব্যবসায়ের হিসাব

হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র

দ্বাদশ শ্রেণি


**মুহম্মদ জিয়াউর রহমান**

**সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান)**

**বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম**

**০১৬১০-৯৩৫৩৫৬**

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা - ১০

### হিসাববিজ্ঞান ২য়পত্র

### ৯ম অধ্যায়: অংশীদারি ব্যবসায়ের হিসাব

### ক্লাস- ০১

**সময় : ৪৫ মিনিট**

**আলোচ্য বিষয়/বিষয়বস্তু:**

- অংশীদারি ব্যবসায়ের ধারণা
- অংশীদারি ব্যবসায়ের বৈশিষ্ট্য
- অংশীদারি ব্যবসায়ের অপরিহার্য উপাদানসমূহ
- অংশীদারি ব্যবসায়ের চুক্তিপত্র

**শিখনফল:**

✓অংশীদারি ব্যবসায় কী তা বলতে পারবে।

✓অংশীদারি ব্যবসায়ের বৈশিষ্ট্যসমূহ বর্ণনা করতে পারবে।

✓অংশীদারি ব্যবসায়ের উদ্দেশ্যসমূহ কী কী তা বলতে পারবে ।

✓অংশীদারি ব্যবসায়ের অপরিহার্য উপাদানসমূহ কী কী তা বলতে পারবে ।

✓অংশীদারি ব্যবসায়ের চুক্তিপত্র কী তা বলতে পারবে ।

✓অংশীদারি ব্যবসায়ের চুক্তিপত্রে কী কী বিষয় উল্লেখ থাকে তা বলতে পারবে ।

**নমুনা প্রশ্ন**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: বাংলাদেশে অংশীদারি ব্যবসায় পরিচালিত হয় কত সালের আইন দ্বারা?

ক) ১৯৯৩

খ) ১৯৩২

গ) ১৯৯১

ঘ) ১৯৯৪

উত্তর: খ

প্রশ্ন: ভারতীয় অংশীদারি আইন -

ক) ১৯৯৩

খ) ১৯৩২

গ) ১৯৫৬

ঘ) ১৯৯৪

উত্তর: খ

প্রশ্ন: অংশীদারি ব্যবসায় পরিচালনা করে কে?

ক) অংশীদার

খ) ব্যবস্থাপক

গ) পরিচালক

ঘ) পরিচালনা পর্ষদ

উত্তর: ক

প্রশ্ন: অংশীদারি ব্যবসায়ের দায়-দেনা-

ক) সসীম

খ) অসীম

গ) মূলধন দ্বারা সীমাবদ্ধ

ঘ) লাভ-ক্ষতি অংশ দ্বারা সীমাবদ্ধ

উত্তর: খ

**বিশেষ নোট:** অংশীদারি ব্যবসায়ের প্রধান অসুবিধা হলো অসীম দায়। এটিকে অংশীদারি কারবারের উন্নয়নের প্রধান অন্তরায়ও বলা হয়। কারণ অংশীদারি কারবারে অংশীদারদের দায় তার বিনিয়োজিত মূলধনের মধ্যে সীমাবদ্ধ থাকে না। এটিকে অসীম দায় বলা হয়।

প্রশ্ন: নিচের কোনটির আইনগত পৃথক ও স্বাধীন সত্তা নেই?

ক) অংশীদারি কারবার

খ) সমবায় সমিতি

গ) যৌথ মূলধনী কোম্পানি

ঘ) রাষ্ট্রীয় কারবার

উত্তর: ক

প্রশ্ন: সাধারণ বা ব্যাংকি অংশীদারি ব্যবসায়ের সর্বনিম্ন সদস্য সংখ্য কত?

ক) ২ জন

খ) ৭ জন

গ) ১০ জন

ঘ) ২০ জন

উত্তর: ক

প্রশ্ন: ব্যাংকিং অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য সংখ্য কত?

ক) ২ জন

খ) ৭ জন

গ) ১০ জন

ঘ) ২০ জন

উত্তর: গ

প্রশ্ন: সাধারণ অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য সংখ্য কত?

ক) ২ জন

খ) ৭ জন

গ) ১০ জন

ঘ) ২০ জন

উত্তর: ঘ

**বিশেষ নোট:** অংশীদারি ব্যবসায়ের সর্বনিম্ন সদস্য সংখ্যা ২জন এবং সর্বোচ্চ সদস্য সংখ্যা ব্যাংকিং ব্যবসায়ের ক্ষেত্রে ১০ জন ও সাধারণ ব্যবসায়ের ক্ষেত্রে ২০জন।

প্রশ্ন: কোনটি অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি?

ক) চুক্তিপত্র

খ) নিবন্ধনপত্র

গ) অনুমতিপত্র

ঘ) ট্রেড লাইসেন্স

উত্তর: ক

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

প্রশ্ন: অংশীদারি ব্যবসায়ের মূল বৈশিষ্ট্য হলো-

i. চুক্তি

ii. অসীম দায়

iii. একাধিক সদস্য

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

প্রশ্ন: অংশীদারি চুক্তি হতে পারে -

i. মৌখিক

ii. লিখিত ও অনিবন্ধিত

iii. লিখিত ও নিবন্ধিত

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

**বিশেষ নোট:** অংশীদারদের মধ্যে চুক্তি দুই ভাবে হতে পারে। যথা: (১) মৌখিক ও (২) লিখিত। লিখিত চুক্তিকে চুক্তিপত্র বলে। চুক্তিপত্র আবার দুই প্রকার হতে পারে। যথা: (১) অনিবন্ধিত ও (২) নিবন্ধিত। অতএব বলা যায়, চুক্তি ৩ প্রকার। যথা: (ক) মৌখিক চুক্তি, (খ) অনিবন্ধিত চুক্তি এবং (গ) নিবন্ধিত চুক্তি।

প্রিয় শিক্ষার্থী, আলোচ্য বিষয়ের উপর বোর্ড পরীক্ষায় কোন সৃজনশীল প্রশ্ন হয় না। তবে প্রায় প্রতিবছর বহুনির্বাচনি প্রশ্ন থাকে। আমি এখানে শিক্ষাবোর্ডের কয়েকটি বহুনির্বাচনি প্রশ্ন নুমনা হিসাবে দিয়েছি। তোমরা ২০১৭ থেকে ২০১৯ পর্যন্ত সকল শিক্ষাবোর্ডের বহুনির্বাচনি প্রশ্নের উপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা - ১০

### হিসাববিজ্ঞান ২য়পত্র

### ৯ম অধ্যায়: অংশীদারি ব্যবসায়ের হিসাব

### ক্লাস- ০২

**সময় : ৪৫ মিনিট**

**আলোচ্য বিষয়/বিষয়বস্তু:**

- চুক্তির অবর্তমানে প্রযোজ্য অংশীদারি আইনের বিধান
- অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন করা বা নিবন্ধন না করার পরিণাম
- অংশীদার ব্যবসায়ের হিসাবরক্ষণ
- অংশীদারি ব্যবসায়ের গুরুত্বপূর্ণ দফাসমূহ

**শিখনফল:**

√চুক্তির অবর্তমানে প্রযোজ্য অংশীদারি আইনের বিধানসমূহ কী তা বর্ণনা করতে পারবে।

√অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন করা না করার পরিণাম সম্পর্কে বর্ণনা করতে পারবে।

√অংশীদারি ব্যবসায়ের হিসাবরক্ষণ কীভাবে করা হয় তা বর্ণনা করতে পারবে।

√অংশীদারি ব্যবসায়ের গুরুত্বপূর্ণ দফাসমূহ হিসাবভুক্ত করার পদ্ধতি বর্ণনা করতে পারবে।

**নমুনা প্রশ্ন**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: চুক্তির অবর্তমানে অংশীদারি কারবারের অংশীদারদের মূলধন বন্টন করা হয়-

ক) সমান অনুপাতে

খ) যোগ্যতা অনুপাতে

গ) মূলধন অনুপাতে

ঘ) পরিচালনায় কর্মদক্ষতা অনুপাতে

উত্তর: ক

**বিশেষ নোট:** অংশীদারি চুক্তিপত্রে উল্লেখ না থাকে, বাংলাদেশে প্রচলিত ১৯৩২ সালের ভারতীয় অংশীদারি আইনের বিধানানুসারে অংশীদারদের মধ্যে সমহারে লাভ-ক্ষতি বন্টিত হয়।

প্রশ্ন: চুক্তির অবর্তমানে অংশীদার কর্তৃক কারবারে সরবরাহকৃত ঋণের ওপর কত হারে সুদ ধরতে হয়?

ক) ০%

খ) ৫%

গ) ৬%

ঘ) ১০%

উত্তর: গ

**বিশেষ নোট:** চুক্তি অবর্তমানে ১৯৩২ সালের ভারতীয় অংশীদারি আইন অনুসারে অংশীদার কর্তৃক প্রদত্ত ঋণের ওপর ৬% হারে সুদ ধার্য করতে হয়।

প্রশ্ন: কোনরূপ চুক্তির অবর্তমানে অংশীদারগণ কর্তৃক কারবারে সরবরাহকৃত মূলধনের ওপর সুদের ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য হবে?

ক) কোন সুদ প্রদেয় হবে না

খ) ৬% হারে সুদ ধরতে হবে

গ) মুনাফা অনুপাতে সুদ ধার্য করতে হবে

ঘ) মূলধন অনুপাতে সুদ ধার্য করতে হবে

উত্তর: ক

**বিশেষ নোট:** অংশীদারি চুক্তিপত্রে উল্লেখ না থাকে, বাংলাদেশে প্রচলিত ১৯৩২ সালের ভারতীয় অংশীদারি আইনের বিধানানুসারে কোন অংশীদার কারবার থেকে বেতন, কমিশন, মূলধনের সুদ দাবি করতে পারবে না এবং কারবারকে উত্তোলনের সুদ প্রদান করতে হবে না।

প্রশ্ন: চুক্তিতে উল্লেখ না থাকলে ২জন অংশীদারের মধ্যে লাভ-ক্ষতি বন্টনের হার হবে?

ক) ১:৩

খ) ১:২

গ) ১:১

ঘ) ২:১

উত্তর: গ

প্রশ্ন: অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন বলতে কী বোঝায়?

ক) চুক্তির নিবন্ধন

খ) চুক্তিপত্রের নিবন্ধন

গ) অংশীদারদের নিবন্ধন

ঘ) অংশীদারি ব্যবসায়ের অবস্থান স্থালের নিবন্ধন

উত্তর: খ

প্রশ্ন: অংশীদারগণ প্রত্যেক মাসের প্রথম তারিখে একটি নির্দিষ্ট পরিমাণে অর্থ উত্তোলন করলে মোট উত্তোলনের ওপর কত সময়ের সুদ ধরতে হবে?

ক) ৩.৫

খ) ৫.৫

গ) ৬

ঘ) ৬.৫

উত্তর: ঘ

প্রশ্ন: অংশীদারগণ প্রত্যেক মাসে/ প্রত্যেক মাসের মাঝামাঝি/১৫ তারিখে একটি নির্দিষ্ট পরিমাণে অর্থ উত্তোলন করলে মোট উত্তোলনের ওপর কত সময়ের সুদ ধরতে হবে?

ক) $\frac{৭}{২}$

খ) $\frac{১১}{২}$

গ) $\frac{১২}{২}$

ঘ) $\frac{১৩}{২}$

উত্তর: গ

প্রশ্ন: অংশীদারগণ প্রত্যেক শেষ তারিখে একটি নির্দিষ্ট পরিমাণে অর্থ উত্তোলন করলে মোট উত্তোলনের ওপর কত সময়ের সুদ ধরতে হবে?

ক) $\frac{৭}{২}$

খ) $\frac{১১}{২}$

গ) $\frac{১২}{২}$

ঘ) $\frac{১৩}{২}$

উত্তর: খ

প্রশ্ন: একটি অংশীদারি কারবারে 'ক', 'খ' ও 'গ' তিনজন অংশীদার। তাদের মুনাফা বন্টনের অনুপাত ১/২, ১/৩ ও ১/৬। বন্টনযোগ্য মুনাফা ৯০,০০০ টাকা হলে 'খ -এর মুনাফার পরিমাণ কত?

ক) ৯৫,০০০ টাকা

খ) ৩০,০০০ টাকা

গ) ৪৫,০০০ টাকা

ঘ)  ৬০,০০০ টাকা

উত্তর: খ

**উত্তর সংকেত:** খ এর মুনাফার অংশ - ৯০,০০০ টাকা $\times \frac{১}{৩}$ = ৩০,০০০ টাকা।

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

প্রশ্ন: চুক্তিপত্রের অবর্তমানে -

i. অংশীদারদের মধ্যে সমহারে লাভ-ক্ষতি বন্টিত হবে

ii. মূলধন ও উত্তোলনের ওপর সুদ ধরা  হবে

iii. প্রদত্ত ঋণের ওপর ৬% হারে সুদ ধরা হবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

উত্তর: খ

প্রশ্ন: অংশীদার কর্তৃক কারবারে সরবরাহকৃত ঋণের ওপর সুদ  -

i. লাভ-লোকসান অবন্টন হিসাবে দেখানো হয়

ii. অংশীদারদের ঋণ হিসাবে দেখানো হয়

iii. অংশীদারদের মূলধন/ চলতি হিসাবে দেখানো হয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

উত্তর: ক

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

নিচের উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:

চাঁদ, সূর্য ও তারা একটি অংশীদারি কারবারের ৩ জন অংশীদার। অংশীদারি চুক্তি অনুসারে প্রত্যেক অংশীদার প্রতি মাসের শেষে ৫% হারে সুদে ২,০০০ টাকা করে উত্তোলন করে।

প্রশ্ন: গড় নিয়মে সুদ ধরা হলে সূর্যের উত্তোলনের উপর সুদের পরিমাণ কত হবে?

ক)  ৩০০ টাকা

খ)  ৫৫০ টাকা

গ)  ৬০০ টাকা

ঘ)  ৬৫০ টাকা

উত্তর: খ

প্রশ্ন: সকল অংশীদারের উত্তোলনের উপর মোট ক্রেডিটকৃত সুদের পরিমাণ কত হবে?

ক)  ৯০০ টাকা

খ)  ৯,৬৫০ টাকা

গ)  ৯,৮০০ টাকা

ঘ)  ৯,৯৫০ টাকা

উত্তর: খ

<><><><><><><><>

প্রিয় শিক্ষার্থী,

আলোচ্য বিষয়ের উপর বোর্ড পরীক্ষায় প্রায় প্রতিবছর সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্ন থাকে। আমি এখানে বিভিন্ন শিক্ষাবোর্ডের গুরুত্বপূর্ণ কিছু বহুনির্বাচনি প্রশ্ন নুমনা হিসাবে দিয়েছি।

তোমরা ২০১৭ থেকে ২০১৯ পর্যন্ত সকল শিক্ষাবোর্ডের সব বহুনির্বাচনি প্রশ্নের উপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

সৃজনশীল  প্রশ্নের নমুনা এখানে দেয়া হয়নি। বিগত ২০১৭ থেকে ২০১৯পর্যন্ত সব শিক্ষা বোর্ডের সৃজনশীল প্রশ্ন গুলো ভালোভাবে অনুশীলন করতে হবে।

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা - ১০

### হিসাববিজ্ঞান ২য়পত্র

### ৯ম অধ্যায়: অংশীদারি ব্যবসায়ের হিসাব

### ক্লাস- ০৩

সময় : ৪৫ মিনিট

**আলোচ্য বিষয়/বিষয়বস্তু:**

- অংশীদারদের মূলধন হিসাবের ধারণা

**শিখনফল:**

✓ অংশীদারদের মূলধন হিসাব কী তা বলতে পারবে।

✓ অংশীদারদের মূলধন হিসাব সংরক্ষণ পদ্ধতি বর্ণনা করতে পারবে।

✓ স্থায়ী মূলধন পদ্ধতিতে অংশীদারদের মূলধন হিসাব ও অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত করতে পারবে।

✓ পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে অংশীদারদের মূলধন হিসাব ও উত্তোলন হিসাব প্রস্তুত করতে পারবে।

**নমুনা প্রশ্ন**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: কোন মূলধন-এর উপর সুদ ধার্য করা হয়?
ক) প্রারম্ভিক মূলধন
খ) সমাপনী মূলধন
গ) কার্যকরী মূলধন
ঘ) বিনিয়োজিত মূলধন
উত্তর: ক

প্রশ্ন: মূলধন হিসাব হিসাবভুক্ত করার পদ্ধতি কয়টি?
ক) একটি
খ) দুইটি
গ) তিনটি
ঘ) চারটি
উত্তর: খ

প্রশ্ন: কোন পদ্ধতিতে অংশীদারদের মূলধন হিসাব ও চলতি হিসাব নামে ২টি পৃথক হিসাবে মূলধন হিসাব রাখা হয়?
ক) পরিবর্তনশীল মূলধন পদ্ধতি
খ) স্থায়ী মূলধন পদ্ধতি
গ) সমন্বিত মূলধন পদ্ধতি
ঘ) সাধারণ মূলধন পদ্ধতি
উত্তর: খ

প্রশ্ন: কোন পদ্ধতিতে অংশীদারদের প্রারম্ভিক মূলধন স্থির রাখা হয়?
ক) পরিবর্তনশীল মূলধন পদ্ধতি
খ) স্থায়ী মূলধন পদ্ধতি
গ) সমন্বিত মূলধন পদ্ধতি
ঘ) সাধারণ মূলধন পদ্ধতি
উত্তর: খ

প্রশ্ন: সাধারণত নিচের কোনটির উপর উত্তোলনের সুদ নির্ণয় করা হয়?
ক) পণ্য উত্তোলন
খ) নগদ উত্তোলন
গ) উত্তোলিত টাকা দ্বারা সম্পত্তি ক্রয়
ঘ) বিক্রয় মূল্যে পণ্য উত্তোলন
উত্তর: খ

প্রশ্ন: অংশীদারদের চলতি হিসাবের ডেবিট উদ্বৃত্ত কী প্রকাশ করে?
ক) দায়
খ) আয়

গ) খরচ
ঘ) সম্পদ
উত্তর: ঘ

প্রশ্ন: অংশীদারদের চলতি হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত প্রতিষ্ঠান কী প্রকাশ করে?
ক) দায়
খ) আয়
গ) খরচ
ঘ) সম্পদ
উত্তর: ক

**বিশেষ নোট:** স্থায়ী মূলধন পদ্ধতিতে 'মূলধন হিসাব' এবং 'চলতি হিসাব'- নামে দুটি হিসাবের মাধ্যমে অংশীদারদের মূলধন হিসাব সংরক্ষণ করা হয়। মূলধন হিসেবে অংশীদারদের কারবারে বিনিয়োগকৃত টাকার হিসাব এবং কারবার হতে অংশীদারদের অন্যান্য দাবিসমূহ চলতি হিসাবের মাধ্যমে হিসাব রেকর্ড করা হয়ে থাকে। তাই 'অংশীদারদের চলতি হিসাব'-এর ডেবিট জের/উদ্বৃত্ত সম্পদ এবং ক্রেডিট জের/উদ্বৃত্ত দায় প্রকাশ করে।

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

প্রশ্ন: অংশীদারদের মূলধনের সুদ চার্জ করা -
i. ঐচ্ছিক
ii. বাধ্যতামূলক
iii. চুক্তির উপর নির্ভরশীল
নিচের কোনটি সঠিক?
ক) i
খ) ii
গ) iii
ঘ) i, ii ও iii
উত্তর: গ

প্রশ্ন: অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুতের পদ্ধতি হলো -
i. স্থায়ী মূলধন পদ্ধতি
ii. সমন্বিত মূলধন পদ্ধতি
iii. পরিবর্তনশীল মূলধন পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: খ

প্রশ্ন: স্থায়ী মূলধন পদ্ধতিতে তৈরি করতে হয় -
i. লাভ লোকসান আবন্টন হিসাব
ii. অংশীদারদের চলতি হিসাব
iii. অংশীদারদের মূলধন হিসাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: ঘ

প্রশ্ন: পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে তৈরি করতে হয় -
i. অংশীদারদের মূলধন হিসাব
ii. অংশীদারদের চলতি হিসাব
iii. লাভ- লোকসান বন্টন হিসাব
নিচের কোনটি সঠিক?

ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: খ
প্রশ্ন: অংশীদারদের চলতি হিসাবের জের হতে পারে -
i. ডেবিট
ii. ক্রেডিট
iii. শূন্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: ঘ
প্রশ্ন: অংশীদারদের চলতি হিসাবের অন্তর্ভুক্ত থাকে -
i. অতিরিক্ত মূলধন
ii. মূলধনের সুদ ও উত্তোলনের সুদ
iii. বন্টিত মুনাফা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: গ
প্রশ্ন: বেতন চার্জ করার পূর্বে অংশীদারি কারবারের মুনাফার দেয়া হয় থাকলে এবং উক্ত অংশীদার বেতন নগদ গ্রহণ না করলে পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে দেখাতে হবে -
i. লাভ লোকসান বন্টন হিসাবের ডেবিট দিকে
ii. অংশীদারদের মূলধন হিসেবের ক্রেডিট দিকে
iii. অংশীদারদের চলতি হিসাবের ক্রেডিট দিকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: ক
প্রশ্ন: উত্তোলনের সুদ পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে দেখাতে হবে -
i. লাভ লোকসান আবন্টন হিসেবে ক্রেডিট দিকে
ii. অংশীদারদের মূলধন হিসেবের ডেবিট দিকে
iii. অংশীদারদের চলতি হিসাবের ডেবিট দিকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: ক

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা - ১০

### হিসাববিজ্ঞান ২য়পত্র

### ৯ম অধ্যায়: অংশীদারি ব্যবসায়ের হিসাব

### ক্লাস- ০৪

**সময় : ৪৫ মিনিট**

**আলোচ্য বিষয়/বিষয়বস্তু:**

- লাভ লোকসান বন্টন হিসাব/বিবরণীর ধারণা
- লাভ লোকসান বন্টন হিসাব/বিবরণীর প্রস্তুত প্রণালী

**শিখনফল:**

✓লাভ লোকসান বন্টন হিসাব/বিবরণী কী তা বলতে পারবে।

✓লাভ লোকসান বন্টন হিসাব/বিবরণীতে কী কী দফা অন্তর্ভুক্ত হবে তা বলতে পারবে।

✓লাভ লোকসান বন্টন হিসাব/বিবরণী প্রস্তুত করতে পারবে।

**নমুনা প্রশ্ন**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: লাভ লোকসান আবন্টন হিসাব তৈরি করা হয়-
ক) লাভ-ক্ষতি নির্ণয়ের জন্য
খ) অর্জিত মুনাফা বন্টনের জন্য
গ) অংশীদারদের দাবি নির্ণয়ের জন্য
ঘ) আর্থিক অবস্থা জানার জন্য
উত্তর: খ

প্রশ্ন: লাভ লোকসান আবন্টন হিসাবের ডেবিট দিকে দেখানো হয়-
ক) উত্তোলনের সুদ
খ) পণ্য উত্তোলন
গ) মূলধনের সুদ
ঘ) বন্টনযোগ্য ক্ষতি
উত্তর: গ

প্রশ্ন: লাভ লোকসান আবন্টন হিসাবের ক্রেডিট দিকে দেখানো হয়-
ক) অংশীদারদের বেতন
খ) অংশীদারদের কমিশন
গ) মূলধনের সুদ
ঘ) বন্টনযোগ্য ক্ষতি
উত্তর: ঘ

প্রশ্ন: লাভ লোকসান আবন্টন হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত বা জের কী প্রকাশ করে?
ক) নিট মুনাফা
খ) নিট ক্ষতি
গ) বন্টনযোগ্য মুনাফা
ঘ) বন্টনযোগ্য ক্ষতি
উত্তর: গ

প্রশ্ন: লাভ লোকসান আবন্টন হিসাবের ডেবিট উদ্বৃত্ত বা জের কী প্রকাশ করে?
ক) নিট মুনাফা
খ) নিট ক্ষতি
গ) বন্টনযোগ্য মুনাফা
ঘ) বন্টনযোগ্য ক্ষতি
উত্তর: ঘ

প্রশ্ন: লাভ লোকসান আবন্টন হিসাবের শুন্য উদ্বৃত্ত বা জের কী প্রকাশ করে?
ক) নিট মুনাফার পরিমাণ

খ) বন্টনযোগ্য ক্ষতির পরিমাণ
গ) বন্টনযোগ্য মুনাফার পরিমাণ
ঘ) বন্টনযোগ্য লাভ-ক্ষতির পরিমাণ শুন্য
উত্তর: ঘ
প্রশ্ন: স্থায়ী মূলধন পদ্ধতিতে লাভ লোকসান আবন্টন হিসাব-এর উদ্বৃত্ত/জের স্থানান্তর করা হয়-
ক) অংশীদারদের মূলধন হিসাবে
খ) অংশীদারদের চলতি হিসাবে
গ) অংশীদারদের ঋন হিসাবে
ঘ) অংশীদারদের উত্তোলন হিসাবে
উত্তর: খ
প্রশ্ন: পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে লাভ-ক্ষতি বন্টন হিসাব-এর উদ্বৃত্ত/জের স্থানান্তর করা হয়-
ক) অংশীদারদের মূলধন হিসাবে
খ) অংশীদারদের চলতি হিসাবে
গ) অংশীদারদের ঋন হিসাবে
ঘ) অংশীদারদের উত্তোলন হিসাবে
উত্তর: ক
প্রশ্ন: অংশীদার কর্তৃক প্রদত্ত ঋণের সুদ দেখানো হয়-
ক) অংশীদারদের মূলধন হিসাবে
খ) অংশীদারদের চলতি হিসাবে
গ) অংশীদারদের ঋন হিসাবে
ঘ) অংশীদারদের উত্তোলন হিসাবে
উত্তর: গ

**বহুপদী সমাপ্তিসুচক বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: লাভ-লোকসান বন্টন হিসাব-এর উদ্বৃত্ত/জের হতে পারে-
i. ডেবিট
ii. ক্রেডিট
iii. শুন্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: ঘ
প্রশ্ন: লাভ লোকসান আবন্টন হিসাব- এর ডেবিট দিকে অন্তর্ভুক্ত করা হয়-
i. অংশীদারদের বেতন
ii. অংশীদারদের মূলধনের সুদ
iii. অংশীদারদের উত্তোলনের সুদ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: ক
প্রশ্ন: লাভ-ক্ষতি বন্টন হিসাবের ক্রেডিট দিকে অন্তর্ভুক্ত করা হয়-
i. কমিশন
ii. পণ্য উত্তোলন
iii. উত্তোলনের সুদ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

উত্তর: গ

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

নিচের উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:

একটি অংশীদারি কারবারের ৩জন অংশীদার। তাদের লাভ লোকসান বন্টন অনুপাত ২:২:১। বছরের শুরুতে মোট মূলধনের পরিমাণ ছিল ৯,৫০,০০০ টাকা। প্রত্যেক অংশীদার প্রতি মাসের শুরুতে ৯,০০০ টাকা করে উত্তোলন করে। মূলধন ও উত্তোলনের সুদের হার ৫% ।মূলধন ও উত্তোলনের সুদ হিসাব হিসাবভুক্তকরণের পূর্বের নিট লাভ দাঁড়ায় ৫৭,৫২৫ টাকা।

প্রশ্ন: অংশীদারদের উত্তোলনের মোট সুদের পরিমাণ কত ?

ক।৮২৫ টাকা

খ। ৯০০ টাকা

গ। ৯৭৫ টাকা

ঘ। ৯,০০০ টাকা

উত্তর: গ

প্রশ্ন: অংশীদারি কারবারের বন্টনযোগ্য মুনাফার পরিমাণ কত ?

ক।৫০,০২০ টাকা

খ। ৫৯,০০০ টাকা

গ। ৫৬,৫৫০ টাকা

ঘ। ৫৮,৫০০ টাকা

উত্তর: খ

নিচের উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:

X, Y ও Z একটি অংশীদারি ব্যবসায় তিনজন অংশীদার। তাদের মুনাফা বন্টনের অনুপাত ৩:২:১ এবং বন্টনযোগ্য মুনাফা ৯,২০,০০০ টাকা। X ও Z, Y-কে এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে, Y- এর লাভের অংশ ৫০,০০০ টাকার কম হবে না।

প্রশ্ন: X এর মুনাফার পরিমাণ কত?

ক। ৯০,০০০ টাকা

খ। ৫০,০০০ টাকা

গ। ৫২,৫০০ টাকা

ঘ। ৬০,০০০ টাকা

উত্তর: গ

প্রশ্ন: নিশ্চয়তা অনুসারে অংশীদার Y

i. X-এর নিকট থেকে অতিরিক্ত মুনাফা পাবে ৭,৫০০ টাকা

ii. Z-এর নিকট থেকে অতিরিক্ত মুনাফা পাবে ২,৫০০ টাকা

iii. ঘাটতি মুনাফা X ও Z যথাক্রমে ৩/৪:১/৪ অনুপাতে প্রদান করবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

<><><><><><><><><>

প্রিয় শিক্ষার্থী,

আলোচ্য বিষয়ের উপর বোর্ড পরীক্ষায় প্রায় প্রতিবছর সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্ন থাকে। আমি এখানে বিভিন্ন শিক্ষাবোর্ডের গুরুত্বপূর্ণ কিছু বহুনির্বাচনি প্রশ্ন নুমনা হিসাবে দিয়েছি।

তোমরা ২০১৭ থেকে ২০১৯ পর্যন্ত সকল শিক্ষাবোর্ডের সব বহুনির্বাচনি প্রশ্নের উপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

সৃজনশীল প্রশ্নের নমুনা এখানে দেয়া হয়নি। বিগত ২০১৭ থেকে ২০১৯পর্যন্ত সব শিক্ষা বোর্ডের সৃজনশীল প্রশ্ন গুলো ভালোভাবে অনুশীলন করতে হবে। উল্লেখ্য যে, এই অধ্যায় থেকে প্রায় প্রতিবছরই ৯টি সৃজনশীল প্রশ্ন থাকে।

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা - ১০

### হিসাববিজ্ঞান ২য়পত্র

### ৯ম অধ্যায়: অংশীদারি ব্যবসায়ের হিসাব

### ক্লাস- ০৫

**সময় : ৪৫ মিনিট**

**আলোচ্য বিষয়/বিষয়বস্তু:**

- সমন্বিত লাভ লোকসান বন্টন হিসাব/বিবরণীর ধারণা ও প্রস্তুত প্রণালী
- অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব/বিবরণীর ধারণা ও প্রস্তুত প্রণালী

**শিখনফল:**

√সমন্বিত লাভ লোকসান বন্টন হিসাব/বিবরণী কী তা বলতে পারবে।

√সমন্বিত লাভ লোকসান বন্টন হিসাব/বিবরণীতে কী কী দফা অন্তর্ভুক্ত হবে তা বলতে পারবে।

√সমন্বিত লাভ লোকসান বন্টন হিসাব/বিবরণী প্রস্তুত করতে পারবে।

√প্রারম্ভিক মূলধন নির্ণয় করতে পারবে।

√অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব/বিবরণী কী তা বলতে পারবে।

√অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব/বিবরণী প্রস্তুত করতে পারবে।

**নমুনা প্রশ্ন**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: নিচের কোন হিসাবের বাদপড়া লেনদেন সমন্বয় করার জন্য সমন্বিত লাভ-লোকসান হিসাব তৈরি করা হয়?
ক) অংশীদারদের চলতি হিসাব
খ) অংশীদারদের মূলধন হিসাব
গ) লাভ লোকসান আবন্টন হিসাব
ঘ) অংশীদারদের ঋণ হিসাব
উত্তর: গ

প্রশ্ন: কামানো লোটাস কারবারের মুনাফা২:১ অনুপাতে বন্টন করে থাকে। বছর শেষে তাদের মূলধনের জের ছিল যথাক্রমে ১,০০,০০০ টাকা ও ১,৮০,০০০ টাকা। কামাল ও লোটাসের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত ছিল?
ক) ৮৪,০০০ টাকা ও ১,৭২,০০০ টাকা
খ) ১,০৮,০০০ টাকা ও ১,৯৬,০০০ টাকা
গ) ১,৯৬,০০০ টাকা ও ১,৮৮,০০০ টাকা
ঘ) ১,২৪,০০০ টাকা ও ২,০৪,০০০ টাকা
উত্তর: ক

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: লাভ-লোকসান সমন্বয় হিসাবে-

i. লাভ-লোকসান বন্টন হিসেবে অন্তর্ভুক্তিতে বাদপড়া দফা কোনো সমন্বয় ঘটানো হয়
ii. লাভ লোকসান আবন্টন হিসাব এর ভুল ত্রুটি সংশোধন করা হয়
iii. বন্টনযোগ্য মুনাফা নির্ণয় করা হয়

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: ক

প্রশ্ন: সমন্বিত মূলধন হিসাব হলো-

i. অংশীদারদের মূলধন হিসাবের জের সমন্বয়কারী হিসাব

ii. লাভ-লোকসান সমন্বয় হিসাবের দফাসমূহ সমন্বয় করার হিসাব

iii. বন্টনযোগ্য মুনাফার পরিমাণ নির্ণয়কারী হিসাব

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

উত্তর: ক

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন**

নিচের উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:

কালি, খাতা ও কলম তাদের লাভ-লোকসান বন্টন অনুপাত ৩:২:১-এ মূলধন সংগ্রহ করার সিদ্ধান্ত নেয়। তাদের মোট মূলধন হবে ৯,৫০,০০০ টাকা। সমন্বিত মূলধন হিসাব করার পর দেখা গেল যে, কালির মূলধন বেশি, খাতা ও কলমের মূলধন কম।

প্রশ্ন: খাতার মূলধনের সমাপনী উদ্বৃত্তের পরিমাণ কত?

ক।৩৭,৫০০ টাকা

খ। ৫০,০০০ টাকা

গ। ৬২,৫০০ টাকা

ঘ। ৯,২০,০০০ টাকা

উত্তর: খ

প্রশ্ন: কোন অংশীদার অতিরিক্ত নগদ অর্থ তুলে নিতে পারবে?

ক। কালি

খ। খাতা

গ। কলম

ঘ। খাতা ও কলম

উত্তর: ক

প্রশ্ন: নগদ ঘাটতি অর্থ ব্যবসায়ী আনয়ন করবে-

i. কালি

ii. খাতা

iii. কলম

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

উত্তর: গ

<><><><><><><><><><>

সুপ্রিয় শিক্ষার্থী,

হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্রের ২য় অধ্যায় : অংশীদারি ব্যবসায়ের হিসাব থেকে প্রায় প্রতি বছরই বোর্ড পরীক্ষায় ২/৩টি বহুনির্বাচনি ও ১টি সৃজনশীল প্রশ্ন থাকে। এখানে, আমি বিভিন্ন শিক্ষাবোর্ডের বিগত ৪ বছরের প্রশ্নের আলোকে কিছু গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি নমুনা প্রশ্ন, প্রশ্নগুলির উত্তর এবং ব্যবহারিক সমস্যার ক্ষেত্রে উত্তর সংকেত শিরোনামে গণনা করে দিয়েছি। তোমাদের প্রতি নির্দেশ হচ্ছে, এই নমুনা প্রশ্ন ও উত্তরগুলি বারবার চর্চা করবে। অন্তত এই বহুনির্বাচনি প্রশ্নগুলি সব শিখে নিবে।

এই অধ্যায় থেকে পাঠ পরিকল্পনা অংশে কোন সৃজনশীল প্রশ্ন তোমাদের চর্চার জন্য সংযুক্ত করা হয়নি। কারণ এই অধ্যায় থেকে ৫টি নমুনা প্রশ্ন ও নমুনা উত্তর নিয়ে আলাদা একটি লেকচার শিট দেয়া হয়েছে।

ভালো থেকো, ঘরে থেকো, সুস্থ ও নিরাপদে থেকো।

পড়াশোনা সাথেই থাকো। ধন্যবাদ।